# ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট খাগড়াছড়ি এর ২০২২-২০২৩ খ্রি: এর বার্ষিক প্রতিবেদন



ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

www.knsikhagrachari.gov.bd/ Youtube: knsi Khagrachari
facebook Page: ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি পার্বত্য জেলা

# সূচীপত্র

ভূমিকা/৩

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনষ্টিটিউট কার্যাবলী /৪

জনবল সংক্রান্ত/৫

কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের তালিকা/৫

নির্বাহী পরিষদ এর সদস্যদের নাম/৭

সরকার কর্তৃক প্রাপ্ত বাৎসরিক বরাদ্ধ/৮

মাতৃভাষায় কম্পিউটার, সংগীত ও বাদ্যযন্ত্র- তবলা প্রশিক্ষণ/৯-১০

বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা/১১-১৩

আর্ট এক্সিবিশন/১৮-২০

গুণীজন সম্মাননা/২০

অডিও-ভিডিও প্রকাশনা/২১-২৩

বিজু, বৈসু, সাংগ্রাই ও বাংলা নববর্ষ উদযাপন/২৪-২৯

সেমিনার/৩০

আলপালনী (বর্ষাবরণ) উৎসব/৩১-৩২

জাদুঘর-পোশাক সংগ্রহ/৩৩-৩৪

জাতীয় দিবস উদযাপন/৩৫-৩৭

রবীন্দ্র ও নজরুল জন্মজয়ন্তী উদযাপন/৩৮-৪০

সংগীত/মিউজিক ক্যাম্প আয়োজন/৪১-৪৩

বইপড়া প্রতিযোগিতা/৪৪

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক সংগঠনকে অনুদান প্রদান/৪৫

ক্ষুদ্র নৃগোষ্ঠীর খাদ্য উৎসব/৪৮-৫১

মাতৃভাষায় সাময়িকী প্রকাশনা/৫২-৫৩

এপিএ ছাড়া অন্যান্য অনুষ্ঠান আয়োজন/৫৪-৬৭

কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন/৬৮-৭০

অংশীজনের সাথে সভা/৭১-৭৩

ই-নথি, ওয়েবসাইট এবং অনলাইন ভিত্তিক কার্যক্রম/৭৪-৭৯

কর্মপরিবেশ উন্নয়ন/৮০-৮১

# ভূমিকা

গ্রণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংবিধানের ২য় ভাগের ২৩’ক অনুযায়ী- রাষ্ট্র বিভিন্ন উপজাতি, ক্ষুদ্র জাতিসত্বা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের অনন্য বৈশিষ্ট্যপূর্ণ আঞ্চলিক সংস্কৃতি এবং ঐতিহ্য সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশের ব্যবস্থা গ্রহণ করিবেন।

সংবিধানের এই ধারাবাহিকতায় খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটটি ২০০৩খ্রিঃ বাংলাদেশ শিল্পকলা একাডেমির একটি প্রকল্পের মাধ্যমে “ খাগড়াছড়ি উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট” নামে প্রতিষ্ঠা লাভ করে। পরবর্তী সময়ে ২০১০খ্রিঃ ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন-২০১০ মহান জাতীয় সংসদে পাস হলে এটি একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান হিসেবে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি নামে পুন: আত্নপ্রকাশ করে। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। সরকারের অনুদান এবং নিজস্ব আয়ের উপর ভিত্তি করে প্রতিষ্ঠানটির কার্যক্রম পরিচালিত হচ্ছে। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন-২০১০ অনুসারে বর্তমানে সমগ্র দেশে এ ধরণের ৭টি প্রতিষ্ঠান অর্ন্তভূক্ত আছে যা প্রত্যেকেই স্বতন্ত্র এবং নিজস্ব সত্বাবিশিষ্ট প্রতিষ্ঠান হিসেবে আইনে উল্লেখ রয়েছে। যদিও ২০০৩খ্রিঃ সাল হতে কার্যক্রম পরিচালিত হয়ে আসছে তথাপি ২০১০-১১খ্রিঃ অর্থবছর থেকে পৃথকভাবে এই প্রতিষ্ঠানের জন্য অর্থ বরাদ্ধ পাওয়া যাচ্ছে। সেজন্য আমাদের বাস্তবিক কার্যক্রম এখনো ১২ বছর । খাগড়াছড়ি পার্বত্য জেলার ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতির চর্চা, ঐতিহ্য সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে নিয়ে এই প্রতিষ্ঠানটি কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।

**ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন-২০১০ অনুসারে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক**

**ইনষ্টিটিউট খাগড়াছড়ির কার্যাবলী নিম্নরূপঃ**

(ক) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত প্রত্যেক ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ইতিহাস, সামাজিক ও সাংস্কৃতিক ঐতিহ্য তথা ভাষা, সাহিত্য, সংগীত, নৃত্য, কারুশিল্প, ধর্ম, আচার- অনুষ্ঠান, রীতিনীতি, প্রথা, সংস্কার ইত্যাদি বিষয়ে তথ্য উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ এবং গবেষণা কর্মসূচী পরিচালনা করা;

(খ) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের জীবনধারা, ইতিহাস, ঐতিহ্য এবং সমাজ ও সংস্কৃতির উপর সেমিনার, সম্মেলন ও প্রদর্শনীর আয়োজন এবং সেই সব বিষয়ে পুস্তক ও সাময়িকী প্রকাশনা এবং প্রামাণ্য চিত্র ধারণ ও প্রচার করা;

(গ) সংশ্লিষ্ট অঞ্চলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের জনগণকে জাতীয় সংস্কৃতির মূল স্রোতধারার সহিত সম্পৃক্ত করিবার লক্ষ্যে বিভিন্ন জাতীয় দিবস ও উৎসব উদ্‌যাপন, স্থানীয় শিল্পীদের রাষ্ট্রীয় অনুষ্ঠানে অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ করা;

(ঘ) আন্তঃজেলা সাংস্কৃতিক বিনিময় কর্মসূচী গ্রহণ করা;

(ঙ) নিজ ও সরকারি সহায়তায় দেশে ও বিদেশে আঞ্চলিক সাংস্কৃতিক কার্যক্রম তুলে ধরা;

(চ) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ঐতিহ্যবাহী উৎসবসহ সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রতিযোগিতার আয়োজন করা;

(ছ) ভাষা, সাহিত্য, সংগীত, নৃত্য, নাট্য ও চারুকলার বিষয়ে প্রশিক্ষণ ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা;

(জ) সংশ্লিষ্ট অঞ্চলের সাংস্কৃতিক এবং নাট্য সংগঠনসমূহকে আর্থিক অনুদান এবং আর্থিকভাবে অস্বচ্ছল ও অসহায় শিল্পীদের আর্থিক সহায়তা প্রদান করা;

(ঝ) ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিল্পীদের অংশগ্রহণে মিউজিক ভিডিও, অডিও গানের এ্যালবাম এবং ডকুমেন্টারী প্রকাশ করা;

(ঞ) কৃতি ও বরেণ্য শিল্পীদের সম্মাননা প্রদান করা;

(ট) সংশ্লিষ্ট অঞ্চলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক উপকরণাদি সংগ্রহপূর্বক জাদুঘর স্থাপন করা;

(ঠ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক বিকাশ সাধনে সরকার কর্তৃক গৃহীত পরিকল্পনা ও প্রকল্প বাস্তবায়ন;

(ড) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পর্যটন শিল্প বিকাশে ব্যবস্থা গ্রহণ করা;

## জনবল সংক্রান্ত

বর্তমানে ইনস্টিটিউটটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুসারে মোট পদ সংখ্যা হচ্ছে ১২ টি (বার)। তারমধ্যে ০৭ (সাত) জন বর্তমানে কর্মরত রয়েছেন এবং ০৫ (পাঁচ)টি পদ শূন্য রয়েছে। ২০১৫-১৬খ্রিঃ অর্থবছরে সংশোধিত বাজেটে চুক্তিভিত্তিক কর্মচারী নিয়োগের বরাদ্ধ পাওয়ায় মোট ০৭ (সাত) জনকে চুক্তিভিত্তিক নিয়োগ করা হয়। তারমধ্যে ০২ জন অন্যত্র চাকুরিতে যোগদান করায় বর্তমান ০৫ জন চুক্তিভিত্তিক কমর্কর্তা/কর্মচারী কর্মরত রয়েছেন।

### ১.১ বর্তমান পদের বিন্যাস:

| সংস্থার নাম | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | চুক্তিভিত্তিক নিয়োগ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট | ১২ | ০৭ | ০৫ | ৫ |

১.২ শূন্য পদের বিন্যাস:

| ক্র: নং | ১ম শ্রেণী | ২য় শ্রেণী | ৩য় শ্রেণী | ৪র্থ শ্রেণী | মোট |
|---|---|---|---|---|---|
| পূরণকৃত পদ | ১ | ৩ | ০ | ৩ | ৭ |
| শূন্য পদ | ১ | ২ | ২ | ০ | ৫ |

## অনুমোদিত পদসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের তালিকা

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জিতেন চাকমা | গবেষণা কর্মকর্তা (বর্তমানে উপ-পরিচালক-চলতি দ্বায়িত্ব) |
| ২. | অমলেন্দু মজুমদার | প্রশিক্ষক, সাধারণ সংগীত |
| ৩. | উত্তমা খীসা | প্রশিক্ষক, উপজাতীয় সংগীত |
| ৪. | অরুণ শর্মা | প্রশিক্ষক, বাদ্যযন্ত্র- তবলা |
| ৫. | আচাইপ্রু মারমা | অফিস সহকারী |
| ৬. | অংগ্য শে মারমা | ড্রাইভার |
| ৭. | রিটন চাকমা | পাহারাদার |

খন্ডকালীন/চুক্তিভিত্তি কর্মরতদের তালিকা

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | কৌশল চাকমা | নাট্য প্রশিক্ষক |
| ২. | সাইন্দ্যা চৌধুরী | মিউজিয়াম কিউরেটর |
| ৩. | সুরজিত ত্রিপুরা | গবেষণা সহকারী কাম- কম্পিউটার অপারেটর |
| ৪. | রুপক আচার্য্য | সাউন্ড অপারেটর |
| ৫. | মংসাথোয়াই মগ | ইলেক্ট্রিশিয়ান |
| ৬. | পল্টু চাকমা | চারুকলা প্রশিক্ষক |
| ৭. | মানিক সাঁওতাল | অফিস সহায়ক |
| ৮. | বিভা চাকমা | বিক্রয়কর্মী |
| ৯. | প্রিয়জ্যোতি ত্রিপুরা | অফিস সহায়ক |
| ১০. | কালা মারমা | নৈশপ্রহরী |
| ১১. | শ্রাবণ ত্রিপুরা | নৈশপ্রহরী |
| ১২. | খ্যচিং মারমা | নৈশপ্রহরী |

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১২৯.০৬.০০৩.২০ তারিখঃ ২৪শে সেপ্টম্বর ২০২২খ্রি: মূলে গঠিত নির্বাহী পরিষদ এর সদস্যদের নাম

| **ক্রমিক** | **বর্তমান নির্বাহী পরিষদের সদস্যদের  নাম (২৪-০৯-২০২২)** | **কমিটির পদবী** |
|---|---|---|
| ১ | জনাব মংসুইপ্রু চৌধুরী, চেয়ারম্যান পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি | সভাপতি |
| ২ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব সমন্বয়-২) | সদস্য |
| ৩ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব শাখা-৭) | সদস্য |
| ৪ | জনাব নীলোৎপল খীসা, আহবায়ক, সমবায় ও সংস্কৃতি বিভাগ এবং সদস্য পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি। | সদস্য |
| ৫ | জনাব চামেলী ত্রিপুরা, | সদস্য |
| ৬ | জনাব বাঁশরী মারমা, | সদস্য |
| ৭ | জনাব শানে আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খাগড়াছড়ি সদর। | সদস্য |
| ৮ | জনাব অংসুইথুই মারমা (অংসুই) | সদস্য |
| ৯ | জনাব আর্য্যমিত্র চাকমা | সদস্য |
| ১০ | জনাব জিতেন চাকমা, উপ পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি। | সদস্য সচিব |

## সরকার কর্তৃক প্রাপ্ত বাৎসরিক বরাদ্দঃ

| ক্রমিক নং | অর্থবছর | মোট বরাদ্ধ | বেতন ভাতা | সরবরাহ ও সেবা | মূলধন |
|---|---|---|---|---|---|
| ১. | ২০১০-১১ | ১,০০,০০০ | - | - | - |
| ২. | ২০১১-১২ | ৪৪,৩৭,৮০২ | ২২,৫২,০০০ (৫০.৯%) | ১৬,৬৮,০০০ (৩৭.৫৮%) | ৫,৮০,০০০ (১৩.০৬%) |
| ৩. | ২০১২-১৩ | ৫০,০০,০০০ | ২৫,৫৭,০০০ (৫১.১৪%) | ১৬,৩০,০০০ (৩২.৬%) | ৬,১০,০০০ (১২.২%) |
| ৪. | ২০১৩-১৪ | ৫৪,৫৭,০০০ | ২৩,৬৫,০০০ (৪৩.৩৪%) | ২,২৬,০০০ (৪১.৪১%) | ৬,০৫,০০০ (১১.০৮%) |
| ৫. | ২০১৪-১৫ | ৬০,০০,০০০ | ২৮,৭৪,০০০ (৪৭.৯%) | ২৫,৪১,০০০ (৪২.৩৫%) | ৫,৮৫,০০০ (৯.৭৫%) |
| ৬. | ২০১৫-১৬ | ৬৫,৩৩,০০০ | ৩১,৬৩,০০০ (৪৮.৪%) | ২৫,১৩,০০০ (৩৮.৪৬%) | ৫,৪৫,০০০ (৮.৩৬%) |
| ৭. | ২০১৬-১৭ | ৭৬,৬৬,০০০ | ৪৩,২৬,০০০ (৫৬.৪৩%) | ২৮,৩৫,০০০ (৩৬.৯৮%) | ৫,৪৫,০০০ (৭.১০%) |
| ৮. | ২০১৭-১৮ | ৭৭,০০,০০০ | ৪২,৬১,০০০ (৫৫.৩৩%) | ২৮,৭৩,০০০ (৩৭.৩১%) | ৬,৪৬,০০০ (৮.৩৮%) |
| ৯. | ২০১৮-১৯ | ১,১৪,৯৫,০০০ | ৪৭,৩৯,০২৫ (৪১.২৩%) | ৪৬,৯৪,০২৫ (৪০.৮৪%) | ২০,৬১,০৫৩ (১৭.৯৩%) |
| ১০. | ২০১৯-২০ | ১,১৮,৯৯,০০০ | ৪২,০৯,০০০ (৩৫.৩৭%) | ৬০,৬৫,০০০ (৫১.০০%) | ১৬,২১,৮৩৩ (১৩.৬৩%%) |
| ১১. | ২০২০-২১ | ১,১৪,৬৫০০০ | ৩৯,৮৪,০০০ (৩৪.৭৫%) | ৫৭,৮৬,০০০ (৫০.৪৭%) | ১৬,৯৮,০১৭ (১৪.৭৮%) |
| ১২. | ২০২১-২২ | ১,৩৮,০০,০০০ | ৩৮,৭০,০০০ (২৮.০৪%) | ৭৮,৩৯,০০০ (৫৬.৮%) | ২০,৯১,৪৮০ (১৫.১৬%) |
| ১৩. | ২০২২-২৩ | ২,০৩,৪৫,০০০ | ৪৩,৫৬,০০০ (২১.৪১%) | ১,০৮,৬০,০০০ (৫৩.৩৭%) | ৫১,২৯,০০০ (২৫.২১%) |

## ইনস্টিটিউটের নিজস্ব আয়ঃ

| ক্রমিক নং | অর্থবছর | মোট আয় | ক্রমিক | অর্থবছর | মোট আয় |
|---|---|---|---|---|---|
| ১. | ২০১০-১১ | ০০ | ৮. | ২০১৭-১৮ | ২৫,৫২৬/ |
| ২. | ২০১১-১২ | ০০ | ৯. | ২০১৮-১৯ | ৩৬,৩৯৬/ |
| ৩. | ২০১২-১৩ | ০০ | ১০. | ২০১৯-২০ | ১,১৭,১৭৪/ |
| ৪. | ২০১৩-১৪ | ০০ | ১১. | ২০২০-২১ | ৫৩,০০০/ |
| ৫. | ২০১৪-১৫ | ০০ | ১২. | ২০২১-২২ | ৬০,০০০/ |
| ৬. | ২০১৫-১৬ | ০০ | ১৩. | ২০২২-২৩ | ১৬,২৫,০০০/ |
| ৭. | ২০১৬-১৭ | ০০ | | | |

# ২০২২-২৩ খ্রিঃ অর্থবছরের উল্লেখযোগ্য কর্মকান্ডের চিত্র

## ১. মাতৃভাষায় কম্পিউটার, সংগীত ও বাদ্যযন্ত্র-তবলা প্রশিক্ষণ:

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি কর্তৃক ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংগীত, নৃত্য, নাটক ও যন্ত্র সংগীত (তবলা) বিষয়ে প্রতি বছর উচ্চতর প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রতিটি কোর্সের মেয়াদকাল ৬ মাস। এজন্য বছরে ২ বার ভর্তি করানো হয়ে থাকে। এ বছর তিন মাসব্যাপী মাতৃভাষায় কম্পিউটার প্রশিক্ষণে প্রায় ১৩ জন, সপ্তাহব্যাপী সাধারণ সংগীতে ৩০ জন, উপজাতীয় সংগীতে ১৫ জন এবং বাদ্যযন্ত্র- তবলায় প্রায় ১৬ জন শিক্ষার্থী প্রশিক্ষণ নিয়েছেন।










সনদপত্র বিতরণী ও সমাপনী অনুষ্ঠান




সনদপত্র বিতরণী ও সমাপনী অনুষ্ঠান

## ২. বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতাঃ

খাগড়াছড়ি জেলায় বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিশু ও কিশোরদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশের লক্ষ্যে প্রতি বছর ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি কর্তৃক বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়ে থাকে। মূলত যারা সংগীত, নৃত্য, বাদ্যযন্ত্র, অভিনয়, আবৃত্তি ইত্যাদি শিল্প মাধ্যম চর্চা করে থাকেন, তাদেরকে আরো উৎসাহ প্রদানের জন্য এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। জেলার নয়টি উপজেলা হতে প্রতিযোগীরা অংশগ্রহণ করে থাকে। বিগত ১৯, ২০, ২১, ২২ ও ২৩ জানুয়ারী ২০২৩খ্রি: পাঁচ দিনব্যাপী বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতাগুলো অনুষ্ঠিত হয়। সাধারণ সংগীত(রবীন্দ্র), উপজাতীয় সংগীত(চাকমা, মারমা ও ত্রিপুরা), নৃত্য(চাকমা, মারমা ও ত্রিপুরা), কবিতা আবৃত্তি, চিত্রাংকন এবং বাদ্যযন্ত্র- তবলা এই ০৬টি বিষয়ে প্রতিযোগিতাগুলো অনুষ্ঠিত হয়। এ প্রতিযোগিতায় অত্র জেলার উদীয়মান শিল্পী এবং ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করে। উক্ত প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে সনদপত্র ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ির সম্মানিত চেয়ারম্যান জনাব মংসুইপ্রু চৌধুরী এবং সভাপতিত্ব করেন পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ির আহ্বায়ক( সংস্কৃতি, সমবায় ও প্রাথমিক শিক্ষা বিভাগ) জনাব নিলোৎপল খীসা ও গণ্যমান্য ব্যক্তিবর্গ।














বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা- ২০২২-২৩





বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা- ২০২২-২৩




সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
পুরস্কার বিতরণী ও আলোচনা সভা
তারিখ: ২১ ফেব্রুয়ারি ২০২৩খ্রি: সময়: বিকাল ০৫.৩০ ঘটিকা

### ৩. আর্টক্যাম্পঃ

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ির আয়োজনে ১৬-২০ জুলাই, ২০২৩ রং তুলিতে পাহাড় ও শিল্পভাবনা শীর্ষক হিল-আর্টিস্ট চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়। এ প্রদর্শনীতে ৭ জন চিত্রশিল্পীর প্রায় ৩৫টি ছবি স্থান পায়। উক্ত আর্টক্যাম্প অনুষ্ঠানটি উদ্বোধন করেন জনাব মংসুইপ্রু চৌধুরী, চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি মহোদয়।







চিত্রশিল্পী: সুপ্রয়া চাকমা



শিরোনাম :Hilly rough & beauty মধ্যম: এক্রেলিক
সাইজ : ৩ X ২ ফুট



শিরোনাম : মোন ঘুরো ছড়াপাত্ত, মধ্যম: এক্রেলিক
সাইজ : ২.৫ X ২ ফুট



শিরোনাম : বিজুফুল, মধ্যম: এক্রেলিক



শিরোনাম : হিল্লো মিলেবু, মধ্যম: এক্রেলিক, সাইজ : ২৪ X ১৮ ইঞ্চি

চিত্রশিল্পী: জিংমুন লিয়ান বম



শিরোনাম : Landscape (ভূ-দৃশ্য), সাইজ : ২.৫ X ২ ফুট



শিরোনাম : Landscape (ভূ-দৃশ্য), সাইজ : ২.৫ X ২ ফুট



শিরোনাম : Landscape fulbiju (ভূ-দৃশ্য), সাইজ : ২.৫ X ২ ফুট



শিরোনাম : Landscape (ভূ-দৃশ্য)
সাইজ : ২.৫ X ২ ফুট



শিরোনাম : বিমূর্ত, সাইজ : ২.৫ X ২ ফুট









## ৪. গুণীজন সম্মাননাঃ

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি কর্তৃক খাগড়াছড়িতে বসবাসরত বিশিষ্ট ও বরেণ্য ক্ষুদ্র নৃগোষ্ঠীর গুণী শিল্পী/ব্যক্তিদের সম্মানার্থে সাহিত্য, সমাজ ও সংস্কৃতি ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য প্রতি বছর সম্মাননা অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ বছর পার্বত্য চট্টগ্রামের বিশিষ্ট লেখক ও গবেষক বাবু অশোক কুমার দেওয়ান এর স্মরণে ০৯ এপ্রিল ২০২৩ তারিখে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। তিনি "চাকমা জাতির ইতিহাস বিচার" নামক ২টি গবেষণাধর্মী পুস্তক রচনা করেন।









## ৫. অডিও-ভিডিও প্রকাশনাঃ

২০২২-২৩ অর্থবছরের অন্যতম আর একটি অর্জন হচ্ছে ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিল্পীদের অডিও/ভিডিও সিডি প্রকাশনা। প্রতি বছর অত্র ইনস্টিটিউট কর্তৃক খাগড়াছড়িতে বসবাসরত চাকমা, মারমা ও ত্রিপুরা সম্প্রদায়ের শিল্পীদের নিয়ে অডিও/ভিডিও সিডি প্রকাশনা করা হয়। এর মাধ্যমে প্রবীন গীতিকার ও সুরকারদের গান যেমন সংরক্ষিত হচ্ছে, তেমনি নতুন ও উদীয়মান গীতিকার, সুরকার, কন্ঠশিল্পী এবং অভিনয় শিল্পীরা তাদের প্রতিভা বিকাশের সুযোগ পাচ্ছে। এ বছর চাকমা, মারমা ও ত্রিপুরা গানের উপর ০১টি করে মোট ০৩টি মিউজিক ভিডিও প্রকাশনা করা হয় এবং একটি চাকমা কবিতাও ভিডিও সহকারে প্রকাশনা করা হয়।











Mo Morana Por[Jaki Chakma][Dipankar Srigyan] [ম মরানা পর][দীপংকর শ্রীজ্ঞানের কবিতা]
0:12 / 2:34
Scroll for details


Ani Emanggo[Arpita Tripura,Durjoy Tripura]
2:45 / 4:25
Scroll for details


Aguthau toyong tourary nauko[Aguthau toyong tourary nauko]
4:05 / 5:02
Scroll for details


Aguthau toyong tourary nauko[Aguthau toyong tourary nauko]
1:29 / 5:02
Scroll for details

## ০৬. বিজু, বৈসু, সাংগ্রাই উৎসব- ২০২৩ খ্রি: উদযাপন:-

তিন পার্বত্য জেলায় বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠীদের সবচেয়ে বড় সামাজিক উৎসব হলো- **বৈসু, সাংগ্রাই, বিজু উৎসব।** এ সামাজিক উৎসবকে কেন্দ্র করে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি প্রতিবছরই জাকঁজমকপূর্ণভাবে বিভিন্ন অনুষ্ঠানমালার আয়োজন করে থাকে। গতবছরের ন্যায় এবছরও তার ব্যতিক্রম ঘটেনি। ৭, ৮, ৯ ও ১০ এপ্রিল ২০২৩খ্রি: ০৪ দিনব্যাপী বিভিন্ন প্রতিযোগিতা, আলোচনা সভা, কনসার্ট ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। তিন পার্বত্য জেলায় বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠীদের সবচেয়ে বড় সামাজিক উৎসব হওয়ায় দেশ-বিদেশের বিভিন্ন প্রান্তে বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠীর বিভিন্ন সম্প্রদায়ের মিলন মেলা ঘটে এবং স্বত:স্ফূর্তভাবে অংশগ্রহণ করে।






বৈসু-সাংগ্রাই-বিঝু ও বাংলা নববর্ষ-১৪৩০ বঙ্গাব্দ উদযাপন উপলক্ষে
আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান
জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
শুভেচ্ছা
স্বাগতম


বৈসু-সাংগ্রাই-বিঝু ও বাংলা নববর্ষ-১৪৩১ বঙ্গাব্দ উদযাপন উপলক্ষে
আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান
জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।




বৈসু-সাংগ্রাই-বিঝু ও বাংলা নববর্ষ-১৪৩০ বঙ্গাব্দ উদ্‌যাপন উপলক্ষে
আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান


বৈসু-সাংগ্রাই-বিঝু ও বাংলা নববর্ষ-১৪৩০ বঙ্গাব্দ উদ্‌যাপন উপলক্ষে
আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান
বিষয় :
বৈসু-সাংগ্রাই-বিঝু
অতীত ও বর্তমান


বৈসু-সাংগ্রাই-বিঝু-২০২৩ উদযাপন উপলক্ষ্যে
মারমাদের ঐতিহ্যবাহী
পানি খেলা


আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান


বৈসু-সাংগ্রাই-বিঝু ও বাংলা নববর্ষ-১৪৩০ বঙ্গাব্দ উদযাপন উপলক্ষে
আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান
Hobby Sound



## ০৭. সেমিনার আয়োজন:-

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি কর্তৃক ক্ষুদ্র নৃগোষ্ঠীদের সমাজ, সংস্কৃতি, ভাষা, জীবনধারা, সাহিত্য ও আর্থ-সামাজিক বিষয়ক বিভিন্ন সেমিনারের আয়োজন করা হয়ে থাকে। এবছর "খাগড়াছড়ি জেলার প্রাথমিক বিদ্যালয়ে মাতৃভাষা ভিত্তিক বহুভাষিক শিক্ষা: অগ্রগতি ও করণীয়" শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মংসুইপ্রু চৌধুরী, চেয়ারম্যান, জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা। এছাড়া খাগড়াছড়ি জেলার প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বিভিন্ন উপজেলার শিক্ষা কর্মকর্তা, বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।






## ০৮. আলপালনী (বর্ষাবরণ) অনুষ্ঠানঃ

অত্র ইনস্টিটিউটের কর্ম-পরিকল্পনার অন্যতম প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে- ক্ষুদ্র নৃগোষ্ঠীদের ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য ও জীবনযাত্রার মান সংরক্ষণ ও সংস্কৃতি লালন-পালন করা। পার্বত্য চট্টগ্রামে বাসবাসরত ১১টি ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রায় সবাই “বর্ষাবরণ”কে কেন্দ্র করে উৎসব পালন করে থাকে। কারণ বর্ষাকালে প্রকৃতি, পাহাড়, গাছ-পালা, জুম এবং প্রাণীকুল সবুজ-সজীবতায় যেমন ভরে ওঠে তেমনি পাহাড়ের ঝিরি, ঝর্ণা , নালা এবং ছোট নদীগুলোও  চির যৌবনে পদার্পণ করে। মূলত কৃষি ও জুম ভিত্তিক জীবন-যাপনে বর্ষার গুরুত্বকে কেন্দ্র করে শতাব্দীকাল হতে এতদঞ্চলে প্রকৃতিক এ আশীর্বাদকে বরণ করা চর্চিত হয়ে আসছে। এ বর্ষাবরণ উৎসবকে চাকমা নৃগোষ্ঠীর ভাষায় **আলপালনি (বর্ষাবরণ)** বলা হয়। মূলত বাংলা আষাঢ় মাসের প্রথম সপ্তাহের ৭ তারিখে এ উৎসবটি পালিত হয়। এদিনে গেরস্থরা লাঙ্গল এবং হালচাষে ব্যবহৃত গবাদি পশুকে হালচাষ করা থেকে বিরত রাখে। এসময় প্রত্যেক গ্রামে গ্রামে এবং বাড়িতে বৈসাবি উৎসবের মতন বিভিন্ন তরকারি ও মাংস রান্না করা হয় এবং নানাধরণের পিঠাও তৈরি করা হয়। আর এসব ব্যঞ্জনাদি দিয়ে আগত অতিথিদের আপ্যায়িত করা হয়এবছরও অত্র ইনস্টিটিউট কর্তৃক এ ব্যতিমধর্মী উৎসবকে কেন্দ্র করে অনুষ্ঠানের আয়োজন করে।








আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান


আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান


আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

## ০৯. জাদুঘর- পোশাক সংগ্রহঃ

অত্র ইনিস্টিটিউটের জাদুঘরের জন্য প্রতিবছর ক্ষুদ্র নৃগোষ্ঠীদের দুষ্প্রাপ্য সামগ্রী ও প্রত্নবস্তু সংগ্রহ করা হয়ে থাকে। যদিও জাদুঘরের জন্য পর্যাপ্ত অবকাঠামো এবং জনবল নেই। তারপরেও অত্র জাদুঘরের সংগ্রহশালায় বেশকিছু দুর্লভ প্রত্নবস্তু রয়েছে। এবছর ক্ষুদ্র নৃগোষ্ঠীদের দৈনন্দিন জীবনে ব্যবহার্য্য বিভিন্ন জাতিসত্বার হারিয়ে যাওয়া ঐতিহ্যবাহী পোশাক সামগ্রী সংগ্রহ করা হয়েছে।







## ১০. জাতীয় দিবসসমূহ উদযাপন:

রাষ্ট্রীয় বিভিন্ন দিবসসমূহ যথাযথ গুরুত্ব ও মর্যাদাপূর্ণভাবে অত্র ইনস্টিটিউট প্রতিবছর পালন করে থাকে। এ দিবসগুলো উপলক্ষ্যে স্কুল ও কলেজ পর্যায়ে মাতৃভাষায় কবিতা, সুন্দর হস্তাক্ষর, রচনা, কবিতা আবৃত্তি, দেশাত্মবোধক গান, চিত্রাংকন প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।






সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শেখ রাসেল দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত প্রতিযোগিতার


সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
১৬ ডিসেম্বর
মহান বিজয় দিবস ২০২২
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট কর্তৃক
বিভিন্ন প্রতিযোগিতা




পুরস্কার বিতরণী ও আলোচনা সভা
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

## ১১. রবীন্দ্র ও নজরুল জন্মজয়ন্তী উদযাপনঃ

২০২২-২০২৩ অর্থবছরের উল্লেখযোগ্য একটি কার্যক্রম হলো- রবীন্দ্র ও নজরূল জন্মজয়ন্তী উদযাপন। বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬২তম এবং জাতীয় কবি কাজী নজরূল ইসলামের ১২৪তম জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে ইনস্টিটিউট কর্তৃক স্কুল ও কলেজ পর্যায়ে রবীন্দ্র ও নজরূল সংগীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। গত ২৬মে ২০২৩ উক্ত প্রতিযোগিতার পুরস্কার বিতরণী, আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।







সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
রবীন্দ্র-নজরুল জয়ন্তী উদযাপন-২০২৩ খ্রিঃ
আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান


সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
রবীন্দ্র-নজরুল জয়ন্তী উদযাপন-২০২৩ খ্রিঃ
আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি পার্বত্য জেলা।


সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
রবীন্দ্র-নজরুল জয়ন্তী উদযাপন-২০২৩ খ্রিঃ
আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান


সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
রবীন্দ্র-নজরুল জয়ন্তী উদযাপন-২০২৩ খ্রিঃ
আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান

## ১২. সংগীত/মিউজিক ক্যাম্প আয়োজনঃ

খাগড়াছড়ি পার্বত্যা জেলায় চাকমা, মারমা এবং ত্রিপুরা নৃগোষ্ঠীর বসবাস। তাদের স্ব স্ব ভাষা, সংগীত ও নৃত্যকলা রয়েছে। এই সকল সাংস্কৃতিক পরিমন্ডলকে আরো চর্চা ও বিকশিত করার উদ্দেশ্যে অত্র ইনস্টিটিউট কর্তৃক খাগড়াছড়ি জেলায় প্রথম বারের মতো গীতিকার, সুরকার ও সংগীত শিল্পীদের অংশগ্রহণে সংগীত/মিউজিক ক্যাম্প-২০২২ অনুষ্ঠিত হয়। এ সংগীত/মিউজিক ক্যাম্পের উদ্দেশ্যে হচ্ছে- প্রতিভাবান গীতিকার, সুরকার ও সংগীত শিল্পী অন্বেষণ করা এবং স্ব স্ব সম্প্রদায়ের মধ্যে সাংস্কৃতিক সেতু বন্ধন তৈরি করা।







মিউজিক ক্যাম্প ২০২২ খ্রিঃ


সমাপনী অনুষ্ঠান


সমাপনী অনুষ্ঠান


সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ক্ষুদ্র নৃগোষ্ঠীর গীতিকার, সুরকার ও সংগীত শিল্পীদের অংশগ্রহণে মিউজিক ক্যাম্প-২০২২খ্রিঃ এর
সমাপনী অনুষ্ঠান

## ১৩. বই পড়া প্রতিযোগিতাঃ

ক্ষুদ্র নৃগোষ্ঠী সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ির ২০২২-২০২৩ অর্থবছরে এক ভিন্নধর্মী ও গবেষণামূলক কার্যক্রম হচ্ছে পার্বত্য জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে বই পড়া প্রতিযোগিতা। উক্ত প্রতিযোগিতা ১৭ জুন ২০২৩ তরিখে অনুষ্ঠিত হয়। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনাব আনন্দ বিকাশ চাকমা, সহযোগী অধ্যাপক, ইতিহাস বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় । এই প্রতিযোগিতায় প্রায় ৩০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে।





## ১৪. ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক সংগঠনকে অনুদান প্রদানঃ

খাগড়াছড়ি জেলায় বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের সংস্কৃতি চর্চার লক্ষ্যে বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন রয়েছ। উক্ত সংগঠনগুলোর বিভিন্ন কার্যক্রম আরো বেগবান ও উৎসাহ দেওয়ার লক্ষ্যে অত্র ইনস্টিটিউট কর্তৃক আর্থিক অনুদান প্রদান করা হয়।







বৈসু-সাংগ্রাই-বিজু


১৩৮৫ উদ্‌যাপন উপলক্ষ্যে ৫দিন ব্যাপী আয়োজিত

**ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি**

22 Apr ·

মারমা সম্প্রদায়ের ঐতিহ্যবাহী সাংগ্রাই উৎসব উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের সমাপনী দিনে পুরস্কার বিতরণ করা হয়েছে। এই অনুষ্ঠান আয়োজনের জন্য ইনস্টিটিউট এর পক্ষ থেকে মারমা উন্নয়ন সংসদকে এক লক্ষ টাকা অনুদান হস্তান্তর করা হয়েছে। ইনস্টিটিউট এর সভাপতি জনাব মংসুইপ্রু চৌধুরী, ইনস্টিটিউট এর উপ-পরিচালক জনাব জিতেন চাকমা উপস্থিত ছিলেন।



## ১৫. ক্ষুদ্র নৃগোষ্ঠীদের খাদ্য উৎসবঃ

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সম্প্রদায়ের মধ্যে বিভিন্ন ধরণের খাদ্যাভাসের যেমন প্রচলন রয়েছে, তেমনি এদের রান্নার প্রক্রিয়াও ভিন্ন। যেমন:- পাচন তরকারি, বাশেঁর চোঙায় বিভিন্ন ধরণের রান্না, কলাপাতায় ভাপ দিয়ে রান্না, বিভিন্ন ধরণের ছুটকির ব্যবহার। এছাড়া বনাঞ্চল থেকে এবং জুমে চাষকৃত বিভিন্ন ধরণের উদ্ভিজ সবজি যেমন: বাশঁ কোড়ল, লেলন পাতা, আদা ফুল, হলুদ ফুল, বিভিন্ন ধরণের জংলী আলু, কলার মোচা ইত্যাদি খাদ্যের তালিকায় রয়েছে। ঐতিহ্যগত এসব রন্ধর শিল্পকে সামনে রেখে এবছর বৈসু, সাংগ্রাই এবং বিঝু উৎসব- ২০২৩ উদযাপন উপলক্ষ্যে অত্র ইনস্টিটিউট কর্তৃক “ক্ষুদ্র নৃগোষ্ঠীদের খাদ্য উৎসবের” আয়োজন করা হয়। এতে বিভিন্ন ধরণের পদের সবজি, পাহাড়ি পিঠা এবং বিভিন্ন ধরণের মাংস ও মাছের রান্না উক্ত উৎসবে পরিবেশিত হয়।




বৈসু-সাংগ্রাই-বিঝু উপলক্ষ্যে
ক্ষুদ্র নৃগোষ্ঠীদের খাদ্য উৎসব-২০২৩
স্টলের নাম : নেহ্ অজা
তারিখ : ৭-১০ এপ্রিল পর্যন্ত
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
বৈসু-সাংগ্রাই-বিঝু উপলক্ষ্যে
ক্ষুদ্র নৃগোষ্ঠীদের খাদ্য উৎসব-২০২৩
স্টলের নাম : পাজন তোন (১ নাম্বার)
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।











## ১৬. ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষায় সাময়িকী প্রকাশনা





সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্পর্কিত গবেষণা, পান্ডুলিপি, কবিতা,
গল্প ও প্রবন্ধ আহবান করা যাচ্ছে।
যোগাযোগ: ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
Email: knsikhagrachari2@gmail.com
E-mail: ncssoffice2022@gmail.com


## ১৭. এপিএ ছাড়া অন্যান্য অনুষ্ঠান আয়োজন:

**১. ঢাকায় গীতি- নৃত্য-নাট্য "রাধামন-ধনুদি"র পরিবেশনা:-**

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি কর্তৃক গত ২৩ সেপ্টেম্বর ২০২২ খ্রি: ঢাকার শিল্পকলার জাতীয় নাট্যশালায় গীতি-নৃত্য-নাট্য "রাধামন-ধনপুদি" প্রযোজনাটি অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ (এমপি) মহোদয় এবং সভাপতি হিসেবে ছিলেন উক্ত মন্ত্রণালয়ের সচিব জনাব মো: আবুল মনসুর মহোদয়। এছাড়া বিশেষ অতিথি হিসেবে মিজ শতরুপা চাকমা, সদস্য, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।




আলোচনা সভা


আয়োজনে: ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।

## ২. চাকমা, মারমা ও ত্রিপুরা সম্প্রদায়ের ব্যান্ড শিল্পীদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান (বিজয় কনসার্ট):-

গত ১৬ই ডিসেম্বর ২০২২খ্রি: চাকমা, মারমা, ত্রিপুরা সম্প্রদায়ের শিল্পীদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান হিসেবে বিজয় কনসার্ট অনুষ্ঠিত হয়। এতে চাকমা, মারমা ও ত্রিপুরা সম্প্রদায়ের ০৩টি জনপ্রিয় ব্যান্ড দল এবং ০৩ জনপ্রিয় শিল্পী অংশগ্রহণ করে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে- জনাব কুজেন্দ্রলাল ত্রিপুরা (এমপি) মহোদয় উপস্থিতি ছিলেন। এছাড়া খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান জনাব মংসুইপ্রু চৌধুরী এবং সদর উপজেলার বর্তমান চেয়ারম্যান জনাব মো: শানে আলমসহ আরো অনেকে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।







বিজয় দিবস
আলোচনা সভা পুরস্কার বিতরণ
Hobby Sound


বিজয় দিবস
আলোচনা সভা পুরস্কার বিতরণ
বিজয় কনসার্ট

**৩. চাকমা সমাজের বিশিষ্ট লেখক, গবেষক, গীতিকার, সুরকার এবং ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটির সাবেক পরিচালক বাবু সুগত চাকমার সম্মানে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন:-**

গত ০৫ ২০২৩খ্রি: চাকমা সমাজের বিশিষ্ট লেখক, গবেষক, গীতিকার, সুরকার এবং ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটির সাবেক ভারপ্রাপ্ত পরিচারক বাবু সুগত চাকমার সম্মানে সম্মাননা প্রদান এবং সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। তিনি একাধারে কবি, সাহিত্যিক, গীতিকার, সুরকার এবং গবেষক। পার্তব্য চট্টগ্রামে উল্লেখযোগ্য যে কয়েকজন সব্যসাচী গুণীব্যক্তি রয়েছেন, তিনি তাদের অন্যতম হিসেবে বিবেচিত। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব মংসুইপ্রু চৌধুরী, চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি মহোদয়। এ অনুষ্ঠানে বাবু সুগত চাকমার স্বরচিত গান, কবিতা এবং নৃত্য পরিবেশন করা হয়। এছাড়া তাঁর সৃষ্টিকর্ম নিয়ে আলোচনা সভা এবং সম্মাননাও প্রদান করা হয়। এ অনুষ্ঠানে অত্র ইনস্টিটিউটের নিয়মিত কন্ঠ ও নৃত্য শিল্পী এবং তাঁর অংখ্য অনুরাগী অংশগ্রহণ করেন।




সম্মাননা প্রদান ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান


সম্মাননা প্রদান ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান

## ৪. ত্রিপুরা সম্প্রদায়ের ঐতিহ্যবাহী গরাইয়া নৃত্যের পরিবেশনা :-

ত্রিপুরা সম্প্রদায়ের ঐতিহ্যবাহী যে কয়েকটি সংস্কৃতি ও নৃত্য রয়েছে- তারমধ্যে অন্যতম প্রধান হচ্ছে গরাইয়া নৃত্য। গরাইয়া হচ্ছে ত্রিপুরা সম্প্রদায়ের গৃহদেবতা বা সম্পদের দেবতা বা রক্ষাকারী দেবতা হিসেবে পরিচিত। এ নৃত্যটি তাদের বারোয়ারী পূজার মধ্যে অর্ন্তভূক্ত। গত ২০ মার্চ ২০২৩খ্রি: খাগড়াছড়ি জেলা সদরের ত্রিপুরা নৃগোষ্ঠীর অধ্যুষিত প্রত্যন্ত গ্রাম বেলতলী পাড়ায় উক্ত "গরাইয়া নৃত্য" এবং ত্রিপুরা নাটক "খেলাং বার" প্রদর্শিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে- জনাব কুজেন্দ্রলাল ত্রিপুরা (এমপি) মহোদয় উপস্থিতি ছিলেন।










**৫। মারমাদের ঐতিহ্যবাহী পানি খেলা:-**

মারমা সম্প্রদায়ের ঐতিহ্যবাহী অন্যতম একটি খেলা হচ্ছে- পানি খেলা। এ খেলাটি মূলত বিবাহ উপযুক্ত তরুণ-তরুণীদের মাঝে হয়ে থাকে। এতে ২টি পক্ষ থাকে। একদিকে ছেলে পক্ষ; অপরদিকে মেয়ে পক্ষ। একজন ছেলে একজন পছন্দসই মেয়েকে অথবা একজন মেয়ে একজন পছন্দসই ছেলেকে পানি ছিটিয়ে দেয় এবং পানি ছিটানোর মধ্য দিয়ে প্রেম নিবেদন করে। এটিই মূলত পানি খেলার মূল উদ্দেশ্য। তবে বর্তমানে বর্ষবরণ উৎসবকে কেন্দ্র করে এ খেলাটি প্রচলিত হতে দেখা যায়। এ খেলায় ৪/৪ জন অথবা ৬/৬ জন অথবা ৮/৮ জন অর্থাৎ জোড় সংখ্যায় খেলাটি হয়ে থাকে। এ বছর পাহাড়ের ক্ষুদ্র নৃগোষ্ঠীদের সবচেয়ে বড় সামাজিক উৎসব- বৈসু, সাংগ্রাই ও বিঝু উৎসব- ২০২৩ উদযাপন উপলক্ষ্যে অত্র ইনস্টিটিউটের পরিচালনায় এ খেলাটি পরিবেশিত হয়। উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রিগেডিয়ার জেনারেল গোলাম মহিউদ্দিন আহমেদ, রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি সদর এবং অত্র ইনস্টিটিউটের নির্বাহী সদস্যবৃন্দসহ অসংখ্য দর্শনার্থীবৃন্দ।








মারমাদের ঐতিহ্যবাহী
পানি খেলা



## ৬। বিশ্ব নৃত্য দিবস- ২০২৩ উদযাপন:-

প্রতিবছর ২৯শে এপ্রিল “বিশ্ব নৃত্য দিবস” পালিত হয়। এবছর প্রথমবারের মতো অত্র ইনস্টিটিউট কর্তৃক বিশ্ব নৃত্য দিবস- ২০২৩ উদযাপিত হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র ইনস্টিউটের নির্বাহী সদস্য জনাব আর্যমিত্র চাকমা। সভাপতি হিসেবে ছিলেন জনাব জিতেন চাকমা, উপপরিচালক (চ:দ্বা:), অত্র ইনস্টিটিউট।







বিশ্ব নৃত্য দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে
নৃত্যানুষ্ঠান
জনাব আর্যমিত্র চাকমা
জনাব জিতেন চাকমা,
ষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি পার্বত্য জেলা।


বিশ্ব নৃত্য দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে
নৃত্যানুষ্ঠান
জনাব আর্যমিত্র চাকমা
জনাব জিতেন চাকমা,
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি পার্বত্য জেলা।


বিশ্ব নৃত্য দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে
নৃত্যানুষ্ঠান
জনাব আর্যমিত্র চাকমা
জনাব জিতেন চাকমা,


বিশ্ব নৃত্য দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে
নৃত্যানুষ্ঠান

## ১৮. কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি লক্ষ্যে (এপিএ, জাতীয় শুদ্ধাচার, অফিস ব্যবস্থাপনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার বিষয়ক) প্রশিক্ষণঃ

২০২২-২৩ অর্থবছরে অত্র ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীদের দাপ্তরিক ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এপিএ, জাতীয় শুদ্ধাচার, অফিস ব্যবস্থাপনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার বিষয়ক ইত্যাদি বিষয়ে প্রায় ২১টি প্রশিক্ষণের আয়োজন করা হয়। এরমধ্যে এপিএ বিষয়ে - ৪টি, জাতীয় শুদ্ধাচার বিষয়ে - ০৪টি, ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে - ০৬টি,  সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে - ০২টি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে - ০২টি এবং তথ্য অধিকার বিষয়ে - ০৩টি প্রশিক্ষণ সম্পন্ন হয়।








বিষয়ক প্রশিক্ষণ


বিষয়ক প্রশিক্ষণ


সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে "অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার" বিষয়ক প্রশিক্ষণ
তারিখ: ২৬ ডিসেম্বর ২০২২খ্রি:
সময়: সকাল ১০.০০ ঘটিকা
আয়োজনে: ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

## ১৯. অংশীজনের সাথে সভাঃ

অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সুশাসন, তথ্য অধিকার এবং সেবা প্রদান প্রতিশ্রুতি ইত্যাদি বিষয়ে অত্র ইনস্টিটিউট কর্তৃক সেবা গ্রহীতা/অংশীজনের সাথে এ অর্থবছরে প্রায় ১২টি মতবিনিময় ও সভা আয়োজিত হয়। উক্ত সভাগুলোতে ইনস্টিটিউটের নিয়মিত সেবাগ্রহীতারা অংশগ্রহণ করে।






অবহিতকরণ সভা






## ২০. ই-নথি, ওয়েবসাইট এবং অনলাইন ভিত্তিক কার্যক্রমঃ

অত্র ইনস্টিটিউটের দাপ্তরিক কার্যক্রমের প্রায় ৭০% ই-নথিতে অর্ন্তভূক্ত করা হয়েছে এবং নিজস্ব ওয়েবসাইট, ফেইসবুক পেইজ ও ইউটিউব চ্যানেলও রয়েছে। এছাড়া সেবা সহজীকরণের লক্ষ্যে অনলাইনের মাধ্যমে নিয়মিত ও উচ্চতর প্রশিক্ষণে ভর্তি কার্যক্রম এবং অনলাইনের মাধ্যমে প্রশিক্ষন ফরম সংগ্রহ ও হলরুম বুকিং সেবাও চালু রয়েছে।









| Sl. | Category | Course Name | Duration | Fees |
|---|---|---|---|---|
| 1. | নিয়মিত প্রশিক্ষণ | সাধারণ সঙ্গীত | ০৬ মাস January | 250/= Tk. |
| 2. | নিয়মিত প্রশিক্ষণ | নৃত্য | ০৬ মাস January | 250/= Tk. |
| 3. | নিয়মিত প্রশিক্ষণ | নাট্য | ০৬ মাস January | 250/= Tk. |
| 4. | নিয়মিত প্রশিক্ষণ | তবলা | ০৬ মাস January | 250/= Tk. |
| 5. | নিয়মিত প্রশিক্ষণ | উপজাতীয় সংগীত | ০৬ মাস January | 250/= Tk. |





ব্যবহারকারী তথ্য দেখুন

| বিবরণ | আজকের | গতকালের | অদ্যাবধি |
|---|---|---|---|
| ডাক গ্রহণ | ০ | ০ | ৬০ |
| নিষ্পন্ন ডাক সংখ্যা | ০ | ০ | ৪৮ |
| অনিষ্পন্ন ডাক সংখ্যা | ১২ | ১২ | ১২ |
| স্ব-উদ্যোগে নোট | ১ | ০ | ১০ |
| ডাক থেকে সৃজিত নোট | ০ | ০ | ২৭ |
| পত্রজারিতে নিষ্পন্ন নোট | ১ | ০ | ১২ |
| নোটে নিষ্পন্ন | ০ | ০ | ২৫ |
| অনিষ্পন্ন নোট সংখ্যা | ০ | ০ | ০ |
| পত্রজারি | ১ | ০ | ১২ |

| | | | | |
|---|---|---|---|---|
| 6. | নিয়মিত প্রশিক্ষণ | ড্রামস | ০৬ মাস<br>January - February | 250/= Tk. |
| 7. | বিশেষ প্রশিক্ষণ | মাতৃভাষায় কম্পিউটার প্রশিক্ষণ | ০৩ মাস<br>January | 1100/= Tk. |
| 8. | বিশেষ প্রশিক্ষণ | উচ্চতর সংগীত(চাকমা) প্রশিক্ষণ | ০৭ দিন<br>February | 30/= Tk. |
| 9. | বিশেষ প্রশিক্ষণ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্যবাহী বাদ্যযন্ত্র(ধুধুক/হেঙরং) প্রশিক্ষণ | ০৭ দিন<br>February - March | 30/= Tk. |
| 10. | প্রতিযোগিতা | ৭ই মার্চ জাতীয় ঐতিহাসিক দিবস উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত প্রতিযোগিতার ফরম | ০১ মাস<br>March | 0/= Tk. |
| প্রশিক্ষণ কোর্সে ভর্তি হতে লগইন করে আবেদন করুন | | | | লগইন করুন |

নির্বাহী কমিটি
তথ্য কর্মকর্তা
কর্মরত জনবল
আইন/নীতিমালা
শুদ্ধাচার কৌশল
বার্ষিক কর্মসম্পাদন চু
ডিজিটাল গার্ড ফাইল
দৈনিক কার্যতালিকা
অফিস আদেশ
গবেষণা কার্যক্রম

**ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি**
Published by Eltu Chakma · November 27 at 8:10 PM ·

খাগড়াছড়িতে পর্যটকদের আকর্ষণ বাড়াতে প্রথম বারের মত আলুটিলা পর্যটনে চাকমাদের ১ম গীতি-নৃত্য-নাট্য "রাধামন-ধনপুদি" মঞ্চায়ন হয়েছে। সপ্তাহে প্রতি শুক্রবার ও শনিবার বিকাল ০৩টায় এ গীতি-নৃত্য-নাট্যটি ছাড়াও মারমা ও ত্রিপুরাদের গীতি-নৃত্য-নাট্য আগামী বছরের মার্চ মাস পর্যন্ত মঞ্চায়ন করা হবে। এ অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতায় ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।

রিপোর্ট: মাছরাঙা টেলিভিশন।




206
People reached

23
Engagements

Boost post

**ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি** was live.
Published by XSplit · April 7 at 6:33 PM ·

বৈসু সাংগ্রাই বিজু ও বাংলা নববর্ষ ২০২৩ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান চলছে




6,139
People reached

965
Engagements

Boost post

Activate Windows
Go to Settings to activate Windows

**ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি**
Published by Jiten Chakma · 5d ·

মহান বিজয় দিবস ২০২২খ্রিঃ উদযাপন উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতার খন্ডচিত্র।



**ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি**
Published by Jiten Chakma · November 1 ·

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট খাগড়াছড়ি কর্তৃক সপ্তাহব্যাপী উচ্চতর সংগীত এবং তবলা বাদ্যযন্ত্র উপর দুটি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান আজ ইনস্টিটিউট এর মিলনায়তনে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পার্বত্য জেলা পরিষদের সম্মানিত সদস্য বাবু নীলোৎপল খীসা। ইনস্টিটিউট এর উপ-পরিচালক জনাব জিতেন চাকমার সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়। বিগত ২৬-১০-২০২২খ্রিঃ হতে ১-১১-২০২২খ্রিঃ পর্যন্ত প্রতিদিন এই প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



**ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি**
Published by YouTube · 3d ·

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট কর্তৃক প্রযোজিত প্রিয়দর্শী দেওয়ানের একক চাকমা গান "মন গুদিবো"




YOUTUBE.COM

**Manogudiboo[ মন গুদিবো ]**

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতি ইনস্টিটিউট, খাগড়াছড়ি কর্তৃক প্রযোজিত চাকমা গান "মন গুদি...

690 People reached | 170 Engagements | Boost post

**ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি** was live.
Published by XSplit · 4d ·

মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও ক্ষুদ্র নৃগোষ্ঠী ব্যান্ড শিল্পীদের পরিবেশনায় বিজয় কনসার্ট
অংশগ্রহণে: চাকমা ব্যান্ড থাডার ও পহর , ত্রিপুরা ব্যান্ড হনং এবং মারমা ব্যান্ড নাঃরং



560 People reached | 401 Engagements | Boost post

17 | 2 comments 1 Share

Like | Comment | Share

## ২১. কর্মপরিবেশ উন্নয়ন:-

২০২২-২৩ অর্থবছরে অত্র ইনস্টিটিউটের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে নথি বিনষ্টকরণ, পরিস্কার-পরিছন্নতা এবং অফিস প্রাঙ্গনে ফুলের বাগান সৃজন করা হয়।










# ধন্যবাদ

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

www.knsikhagrachari.gov.bd/ Youtube: knsi Khagrachari
facebook Page: ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি পার্বত্য জেলা